

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 19-10-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) আগরতলার জিবি হাসপাতালে একই ছাদের নিচে মা ও শিশুর অত্যাধুনিক চিকিৎসার জন্য ৩০০ শয্যা বিশিষ্ট একটি সুপার স্পেশালিটি ব্লক গড়ে তোলা হবে ।
- (২) ৩২তম রাজ্যভিত্তিক দু'দিনের হজাগিরি উৎসব আজ রাতে শেষ হচ্ছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ডঃ আশ্বেদকর আন্তর্জাতিক কেন্দ্রে 'কর্মযোগী' - জাতীয় শিক্ষা সপ্তাহের সূচনা করেছেন।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলার দ্বিতীয় দিনে আজ মেঘালয়ের বিরুদ্ধে বড় স্কোর গড়েছে ত্রিপুরা ।
- (৫) ২৯তম জাতীয় সিনিয়র রাজমাতা জিজাবাই ট্রফি সিনিয়র মহিলাদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপ পর্বের খেলা প্রথমবারের মত আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে ।

\*\*\*\*\*

**PM-Ayushman Bharat Health Infrastructure Mission  
:**

আগরতলার জিবি হাসপাতালে একই ছাদের নিচে মা ও শিশুর অত্যাধুনিক চিকিৎসার জন্য ৩০০ শয্যা বিশিষ্ট একটি সুপার স্পেশালিটি ব্লক গড়ে তোলা হবে। এর জন্য কেন্দ্রীয় সরকারের

পক্ষ থেকে PM ABHIM প্রকল্পে ২০২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। জিবি হাসপাতালের সুপার ডক্টর শংকর চক্রবর্তী আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন। তিনি জানান, এর জন্য নতুন ভবন নির্মানের কাজ শীঘ্রই শুরু হবে।

\*\*\*\*\*

#### **State Level Hojagiri :**

৩২তম রাজ্যভিত্তিক দু'দিনের হজাগিরি উৎসব আজ রাতে শেষ হচ্ছে। ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অধীন মাছমারা'র রামগুণা চৌধুরী পাড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে এই উৎসবের আয়োজন করা হয়। গতকাল এই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, এই উৎসব একদিকে আনন্দের অন্যদিকে সম্প্রীতি ও সৌভ্রাতৃত্বের উৎসব। এই উৎসবের মধ্য দিয়ে মানুষে মানুষে মেলবন্ধন আরো সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বক্তব্য রাখেন, সংখ্যালঘু কল্যাণ দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং ও ভগবান চন্দ্র দাস, A.D.C'র তথ্য-সংস্কৃতি বিভাগের কার্যনির্বাহী সদস্য সুহেল দেববর্মা প্রমুখ। সভাপতিত্ব করেন, ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশন এর সভাপতি শান্তিরায় রিয়াং। এই উপলক্ষে বিভিন্ন সরকারি দপ্তরের স্টল খোলা হয়েছে। অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও।

\*\*\*\*\*

#### **THH Corporation :**

ত্রিপুরা হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান ও বিধায়ক কিশোর বর্মণ আকাশবাণীকে জানিয়েছেন, রাজ্যে হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্পের প্রসারে কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক অনুদান চাওয়া হয়েছে। গতকাল কেন্দ্রীয় বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটার সঙ্গে রাজ্য হস্ততাঁত, হস্তকারু

ও রেশম শিল্প দপ্তরের পর্যালোচনা বৈঠকে এই আর্থিক সহায়তা চাওয়া হয়। শ্রী বর্মণ বলেন, এই শিল্পের প্রসারে প্রধানমন্ত্রীর কোনো প্রকল্প থেকে আর্থিক সহায়তা পাওয়া যায় কিনা তা খতিয়ে দেখা হবে। শ্রী বর্মণ জানান, ত্রিপুরার হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্পের সঙ্গে যুক্ত কারিগরদের দক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করারও অনুরোধ করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Diwali review meeting :**

গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়ের পৌরোহিত্য আজ মাতাবাড়িতে দেওয়ালি মেলার প্রস্তুতি নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন দেওয়ালি মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেব রায়। বৈঠক শেষে তিনি জানান, মাতাবাড়িতে তিনদিনব্যাপী দীপাবলি মেলা ও উৎসব আগামী ৩১শে অক্টোবর থেকে শুরু হবে। এবছর মেলাকে আকর্ষণীয় করে তুলতে আলোক সজ্জায় নতুনত্ব আনা হবে। মেলায় ৬০০ জন স্বেচ্ছা সেবক থাকবে।

\*\*\*\*\*

#### **Jitendra Chowdhury :**

বিরোধী দলনেতা বিধায়ক জিতেন্দ্র চৌধুরী আজ আগরতলার মেলারমাঠে দুষ্কৃতি হামলায় নিহত ব্যবসায়ী হরিশংকর সাহার বনমালিপুরস্থিত বাসভবনে যান। তিনি নিহত ব্যবসায়ীর পরিবার পরিজনদের সঙ্গে কথা বলেন এবং শোক ও সমবেদনা জানান।

\*\*\*\*\*

#### **Active Membership Campaign of BJP :**

বিজেপির সক্রিয় সদস্যতা অভিযান নিয়ে আজ খোয়াই মহকুমার আশারাম বাড়ি ও রামচন্দ্রঘাটে দুটি সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য প্রভারী ডক্টর রাজদীপ রায়, দলের জেলা

সভাপতি ও বিধায়ক পিনাকী দাস চৌধুরী এবং সাধারণ সম্পাদক  
সমীর কুমার দাস।

\*\*\*\*\*

#### **Human Right Commission :**

সাব্রুমের মনু বাজারে পুলিশী নির্যাতনে বাদল ত্রিপুরার মৃত্যু  
এবং আগরতলার মেলারমাঠে এক ব্যবসায়ীকে ছুরিকাঘাত করে  
হত্যার ঘটনা নিয়ে রাজ্য পুলিশের মহা নির্দেশকের কাছে পূর্ণাঙ্গ  
রিপোর্ট চেয়েছে রাজ্য মানবাধিকার কমিশন। কমিশনের  
চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন কুমার দাস আজ  
আকাশবাণীকে জানান, আগামী ১৫ দিনের মধ্যে রিপোর্ট জমা  
দেওয়ার জন্য রাজ্য পুলিশের মহানির্দেশককে নির্দেশ দেওয়া  
হয়েছে। শ্রীদাস আরো জানান মানবাধিকার কমিশন শত প্রণোদিত  
হয়ে এই দুটো ঘটনায় মামলা গ্রহণ করেছে। কমিশনের পক্ষ  
থেকে ও একটি তদন্তকারী দল এই দুটি ঘটনার তদন্ত করবে।

\*\*\*\*\*

#### **Congress Protest :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় রাজ্য মানবাধিকার  
কমিশনের কার্যালয়ের সামনে বিক্ষোভ সংগঠিত করা হয়। সদর  
জেলা কংগ্রেস কমিটির সভাপতি তন্ময় রায় অভিযোগ করেন,  
রাজ্যে সাম্প্রতিককালে বিভিন্ন ঘটনায় মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে।  
অথচ রাজ্য মানবাধিকার কমিশন এব্যাপারে কোন কার্যকরী  
পদক্ষেপ নিচ্ছে না। এর প্রতিবাদেই আজ কমিশনের অফিসের  
সামনে এই বিক্ষোভ কর্মসূচি।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত  
আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট

নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলাটস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Karmayogi Saptah :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ডঃ আশ্বদকর আন্তর্জাতিক কেন্দ্রে 'কর্মযোগী' - জাতীয় শিক্ষা সপ্তাহের সূচনা করেছেন। সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, মিশন কর্মযোগীর লক্ষ্য হলো এমন মানবসম্পদ তৈরি করা যা আমাদের দেশের উন্নয়নের চালিকাশক্তি হয়ে উঠবে। তিনি জোর দিয়ে বলেন যে জাতীয় শিক্ষা সপ্তাহের সময় নতুন শেখা এবং অভিজ্ঞতাগুলি শক্তি জোগাবে এবং কাজের পদ্ধতির উন্নতিতে সাহায্য করবে যা ২০৪৭ সালের মধ্যে আমাদের বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে সহায়তা করবে। প্রধানমন্ত্রী গত দশ বছরে সরকারের মানসিকতা পরিবর্তনে গৃহীত পদক্ষেপগুলি উল্লেখ করে বলেন, এর প্রভাব আজ মানুষ অনুভব করছে। তিনি বলেন, সরকারে কর্মরত ব্যক্তিদের প্রচেষ্টা এবং মিশন কর্মযোগীর মতো পদক্ষেপের প্রভাবে এটি সম্ভব হয়েছে।

প্রধানমন্ত্রী উচ্চাকাঙ্ক্ষী ভারতের অগ্রগতির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তাকে সফলভাবে ব্যবহার করার কথা বলেন। প্রধানমন্ত্রী iGOT প্ল্যাটফর্মের প্রশংসা করে বলেন যে ৪০ লক্ষেরও বেশি সরকারি কর্মচারী প্ল্যাটফর্মে নিবন্ধন করেছেন। ১৪০০টিরও বেশি কোর্স এতে উপলব্ধ এবং কর্মকর্তারা বিভিন্ন কোর্সে দেড় কোটিরও বেশি সমাপ্তির শংসাপত্র পেয়েছেন।

\*\*\*\*\*

#### **Khadi Exhibition :**

কেভিআইসি চেয়ারম্যান মনোজ কুমার, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের পরিচালক কে.এন. শ্রীবাস্তবের উপস্থিতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "ফ্যাশনের জন্য খাদি" এই ভাবনার ভিত্তিতে, আজ "খাদি: স্বাধীনতার বস্ত্র, ফ্যাশনের ভাষা" শীর্ষক খাদি প্রদর্শনীর উদ্বোধন করেন। নতুন দিল্লির লোধি রোডে, গান্ধী-কিং মেমোরিয়াল প্লাজা, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারে, সেন্টার অফ এক্সিলেন্স ফর খাদি এবং ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজির সহযোগিতায় এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। KVIC চেয়ারম্যান মনোজ কুমার সাংবাদিকদের বলেন, "জাতির পিতা মহাত্মা গান্ধী একবার বলেছিলেন, 'আমি চরকায় কাটা প্রতিটি সুতোয় ঈশ্বরকে দেখতে পাই।' এই দর্শনকে ভিত্তি করে, KVIC, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, খাদি কারিগরদের আয় বাড়াতে বিক্রয় প্রচার, প্রদর্শনী এবং জাতীয় ও আন্তর্জাতিক মেলার মতো বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে, যা খাদি পণ্যের প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তিনি KVIC-এর অর্জনগুলি তুলে ধরে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে খাদির ব্যবসায়িক টার্নওভার ২০২৩-২৪ অর্থ বছরে ১ দশমিক পাঁচ পাঁচ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে। তিনি আরও বলেন যে প্রধানমন্ত্রীর জনপ্রিয় 'মন কি বাত' অনুষ্ঠান খাদি পোশাককে তরুণদের মধ্যে একটি নতুন স্ট্যাটাস সিম্বল বানিয়েছে। শ্রী কুমার এই উৎসবের মরসুমে বেশি করে খাদি পণ্য কেনার জন্য সমস্ত নাগরিকদের প্রতি আবেদন জানান।

\*\*\*\*\*

#### **NCW, Chairperson :**

বিজয়া রাহাতকরকে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন নিযুক্ত করা হয়েছে। মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক এই বিষয়ে একটি

বিজ্ঞপ্তি জারি করেছে। শ্রীমতি রাহাতকর মহারাষ্ট্র রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন এবং ঔরঙ্গাবাদের মেয়র হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি বিজেপির জাতীয় সম্পাদক এবং দলের মহিলা শাখার সভাপতি হিসেবেও কাজ করেছেন। মন্ত্রক এছাড়াও জাতীয় মহিলা কমিশনের সদস্য হিসাবে ডঃ অর্চনা মজুমদারকে নিয়োগের বিষয়েও বিজ্ঞপ্তি দিয়েছে।

\*\*\*\*\*

#### **Peace Meeting-KAILASHAHAR :**

কৈলাশহরের ইরাণী থানা প্রাঙ্গণে আজ বিকালে শান্তি ও সম্প্রীতির লক্ষ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। দল-মত-ধর্ম-বর্ণ -সম্প্রদায় নির্বিশেষে শান্তিকামী নাগরিকরা এতে অংশ নেন। উপস্থিত ছিলেন, জনপ্রতিনিধিও সমাজসেবীগণ। আজকের বৈঠকে ছিলেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, S.D.P.O জয়ন্ত কর্মকার সহ পুলিশ ও সাধারণ প্রশাসনের আধিকারিকরা। তাছাড়া উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান প্রমুখ। বৈঠকে বক্তারা শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা ও সম্প্রীতির বাতাবরণ অক্ষুণ্ন রাখার উপর গুরুত্বারোপ করেন। স্বাগত বক্তব্য রাখেন, ইরাণী থানার O/C অরুণোদয় দাস। কৈলাশহরের S.D.P.O জয়ন্ত কর্মকার জানান, শান্তিশৃঙ্খলা বজায় রাখতে পুলিশের কাজে সবার সহযোগিতা প্রয়োজন। কোন ধরনের গুজব যাতে না ছড়ায় তার উপর গুরুত্বারোপ করেন।

\*\*\*\*\*

#### **State Level Wa Festival-Sabroom :**

সাব্রুম মহকুমার চালিতা বনকুলে আগামী ১০ই নভেম্বর থেকে বৌদ্ধ ধর্মাবলম্বী মগ জনগোষ্ঠীর রাজ্যভিত্তিক ওয়া উৎসব শুরু হবে। দুইদিনব্যাপী উৎসবের প্রস্তুতি পর্যালোচনার জন্য আজ

সাব্বরুম নগর পঞ্চায়েত কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক মাইলাফুরু মগ, মগ সোসিও কালচারাল অর্গানাইজেশনের কর্মকর্তাগণ।

\*\*\*\*\*

**PM, Baranadi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল তার সংসদীয় এলাকা বারাণসী সফর করবেন। তিনি তার সংসদীয় এলাকায় প্রায় ৬,৬০০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রীর সফরের জন্য বহু স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামীকাল প্রধানমন্ত্রী জনসমাবেশে ভাষণ দেবেন।

\*\*\*\*\*

**Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলার দ্বিতীয় দিনে আজ মেঘালয়ের বিরুদ্ধে বড় স্কোর গড়েছে ত্রিপুরা। শিলং-এর পোলো মাঠে ২ উইকেটে ২৯ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দ্বিতীয় দিনের শেষে ৬ উইকেটে ৩৪৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে শ্রীদাম পাল অনবদ্য ১৪৬ রান করে। এছাড়া মনদীপ সিং ৫৯, এস সরথ অপরাজিত ৫৪ ও মণিশংকর মুড়াসিং অপরাজিত ৫৩ রান করে।

\*\*\*\*\*

**Women's Football :**

২৯তম জাতীয় সিনিয়র রাজমাতা জিজাবাই ট্রফি সিনিয়র মহিলাদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপ পর্বের খেলা প্রথমবারের মত আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে 'জি' গ্রুপের উদ্বোধনী দিনে দুপুর ২টায় ত্রিপুরা



খেলবে চন্ডিগড়ের বিরুদ্ধে। এর আগে সকাল সাড়ে নয়টায় সিকিম খেলবে গুজরাটের বিরুদ্ধে। ইতিমধ্যে গুজরাট, সিকিম এবং চন্ডিগড়ের মহিলা ফুটবলাররা রাজ্যে পৌঁছেছেন। আসরের উদ্বোধনী অনুষ্ঠানে মাঠে উপস্থিত থাকবেন রাজ্য ফুটবল সংস্থার সভাপতি প্রণব সরকার, সচিব অমিত চৌধুরী সহ কর্মকর্তারা।

\*\*\*\*\*

#### **Weather :**

মধ্য আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী সোমবার নাগাদ পূর্ব ও মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন উত্তর আন্দামান সাগরে একটি নিম্নচাপ তৈরির সম্ভাবনা দেখা দিয়েছে। আগামী বুধবার নাগাদ এই নিম্নচাপটি শক্তি বাড়িয়ে পরবর্তী সময়ে ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে। আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আজ এই আভাস দেওয়া হয়েছে। তবে ঘূর্ণিঝড়ের অভিমুখ কোনদিকে হবে সে বিষয়ে আবহাওয়া দপ্তর থেকে কোনো ইঙ্গিত দেওয়া হয়নি।

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক নয় ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*